DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:07 PM

প্রবাস

# মালয়েশিয়া-থাইল্যান্ড সীমান্তে ছয় মাসে আটক ৭৩ বাংলাদেশি

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

চলতি বছরের প্রথম ছয় মাসে মালয়েশিয়া-থাইল্যান্ড সীমান্ত এলাকায় পরিচালিত বিশেষ অভিযানে ৬৪১ অবৈধ অভিবাসীকে আটক করেছে দেশটির জেনারেল অপারেশনস ফোর্সের (জিওএফ) সাউথইস্ট ব্রিগেড।

রবিবার (১৯ জুলাই) বার্নামার এক প্রতিবেদনে জানানো হয়, অপ তারিং ওয়াওয়াসান কেলান্তান অভিযানের আওতায় জানুয়ারি থেকে জুন পর্যন্ত এসব অভিবাসীকে আটক করা হয়।

জিওএফ সাউথইস্ট ব্রিগেডের কমান্ডার সিনিয়র অ্যাসিস্ট্যান্ট কমিশনার (এসএসি) আহমাদ রাদজি হুসেইন জানান, আটক ব্যক্তিদের মধ্যে ৫০৭ জন পুরুষ এবং ১৩৪ জন নারী রয়েছেন। তারা ১০টি দেশের নাগরিক।

আটকদের মধ্যে সবচেয়ে বেশি রয়েছেন মিয়ানমারের নাগরিক। তাদের সংখ্যা ৪২৮ জন, যার মধ্যে ৩২২ জন পুরুষ এবং ১০৬ জন নারী।

এছাড়া আটক হয়েছেন ৭৩ জন বাংলাদেশি, ৩৯ জন ইন্দোনেশিয়ান, ৩৮ জন থাই, ২১ জন চীনা, ১৯ জন ভারতীয়, ১৬ জন নেপালি, চারজন ভিয়েতনামি, দুজন পাকিস্তানি এবং একজন নাইজেরীয় নাগরিক।

আহমাদ রাদজি বলেন, সীমান্তবর্তী ঝুঁকিপূর্ণ প্রবেশপথ দিয়ে অনুপ্রবেশ ঠেকাতে ধারাবাহিক গোয়েন্দা নজরদারি ও অভিযান পরিচালনার ফলেই এই সাফল্য এসেছে।

তিনি জানান, মানবপাচারকারী চক্রগুলো সাধারণত দুই থেকে তিনজনের ছোট ছোট দলে অভিবাসীদের সীমান্ত পার করার চেষ্টা করে। তবে জিওএফ সদস্যদের সতর্ক নজরদারির কারণে তাদের গতিবিধি শনাক্ত করা সম্ভব হচ্ছে।

তিনি আরও জানান, দায়িত্বে থাকা সদস্যরা সন্দেহভাজন ব্যক্তিদের তাৎক্ষণিকভাবে আটক করে প্রয়োজনীয় তদন্ত পরিচালনা করেন। ছোট দলে চলাচল করলেও তাদের উপস্থিতি শনাক্ত করা সম্ভব হচ্ছে।

---

## এ বিভাগের আরও খবর




**মালয়েশিয়ায় ৩৬৪ বাংলাদেশিসহ ৪৭২ বিদেশি আটক**
মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরের প্রবাসী অধ্যুষিত বাণিজ্যিক এলাকা কোতারায়ায় যৌথ বাহিনীর অভিযানে ৩৬৪ বাংলাদেশিসহ ৪৭২ বিদেশি নাগরিককে আট...



**ভাড়াটিয়ার সঙ্গে বারবিকিউ নিয়ে বিরোধ, কানাডায় ভারতীয় বংশোদ্ভূত নারী গ্রেপ্তার**
কানাডার সারেতে ভাড়াটিয়ার সঙ্গে বারবিকিউ নিয়ে বিরোধের জেরে ভারতীয় বংশোদ্ভূত এক নারী গ্রেপ্তার হয়েছেন। একের পর এক সংঘর্ষের ভিডিও সামাজিক যোগায...



### বাংলাদেশ থেকে ১০ হাজার কর্মী নেবে ওমান

বাংলাদেশ থেকে ১০ হাজার কর্মী নেবে ওমান। এর মধ্যে ৫ হাজার কৃষি শ্রমিক এবং ৫ হাজার নেওয়া হবে মৎস্য শ্রমিক হিসেবে। এ বিষয়ে দুই দেশের মধ্যে এক...



### সৌদিতে সোফা কারখানায় আগুনে নিহত ৯ জনের মরদেহ দেশে আসছে বিকেলে

সৌদি আরবের রিয়াদে অগ্নিকাণ্ডে নিহত ১৬ বাংলাদেশির মধ্যে শনাক্ত হওয়া ৯ জনের মরদেহ আজ দেশে আসছে। তাদের মধ্যে সাতজনের বাড়ি নওগাঁর আত্রাই উপজেলায়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/probash/malyeshiya-thailjand-simante-chhy-mase-atk-73-bangladeshi